৯০/ দৈনিক সংবাদ

42

তারিখ 05 SEP 1984
পৃষ্ঠা ১ কলাম ৫

# ঢাকা কলেজের ছাত্রদের সঙ্গে পুলিশের সংঘর্ষ।। আহত ৩০

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল সোমবার সকালের দিকে পুলিশ ও ঢাকা কলেজের ছাত্রদের মধ্যে সংঘর্ষে উভয়পক্ষের কমপক্ষে ৩০ জন আহত হয়েছে। ছাত্ররা একটি মসলা ভর্তি টেম্পোতে (ঢাকা-মেট্রো ন-৩০২৩) অগ্নি-সংযোগ এবং ৪/৫টি মিনিবাসের ক্ষতিসাধন করে। পুলিশ ঘটনাস্থল থেকে ১৮ জন ছাত্রকে গ্রেফতার করেছে। পুলিশ বেশ কিছু লাঠি ও লোহার রড আটক

(শেষ পৃ: ২-এর ক: দেখুন)

## ঢাকা কলেজ

(১ম পাতার পর)

করেছে। তাদের বিরুদ্ধে ধানমণ্ডি থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে জানা যায় যে, গত শনিবার ঢাকা কলেজ ও সিটি কলেজের ছাত্রদের মধ্যে সংঘটিত সংঘর্ষের জের হিসেবে, গতকাল সোমবার সকাল ১১টার দিকে ঢাকা কলেজের প্রায় এক থেকে দেড় হাজার ছাত্র লাঠি, হকিষ্টিক প্রভৃতিতে সজ্জিত হয়ে কলেজ প্রাঙ্গণ থেকে বেরিয়ে মীরপুর রোডে আসে। এসব ছাত্র মিছিল নিয়ে সিটি কলেজের দিকে যেতে চাইলে পুলিশ তাদের বাধা দেয়। তারা মিছিল নিয়ে নিউমার্কেটের দিকে চলে যায়। মিছিলটি নীলক্ষেত মোড় ঘুরে আবার ঢাকা কলেজের সামনে আসে। এ সময় ছাত্ররা উত্তেজিত হয়ে আবার সিটি কলেজের দিকে যেতে চায়। তখন কর্তব্যরত দাঙ্গা পুলিশ ছাত্রদের ছত্রভঙ্গ করার জন্য বেপরোয়া লাঠিচার্জ করে। সাথে সাথে পুলিশ ও ছাত্রদের মধ্যে সংঘর্ষ বাধে। ছাত্ররাও পুলিশের ওপর ইটপাটকেল নিক্ষেপ করেছে। ১০/১৫টি হাত বোমাও বিস্ফোরিত হয়। প্রায় সাড়ে ১২টা পর্যন্ত দু'পক্ষের মধ্যে সংঘর্ষ চলে। এই সময়ে আশপাশের দোকানপাট ও রাস্তায় যানবাহন চলাচল বন্ধ ছিল।

সিটি কলেজের ছাত্ররাও বেরিয়ে আসার চেষ্টা করে। কলেজ কর্তৃপক্ষ তাদের বাধা দানের ফলে তারা রাস্তায় আসতে পারেনি।